*ISO 9001, ISO 14001 &*
*OHSAS 18001 Certified*

সভাপতি, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১

এবং

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৭ - ৩০ জুন, ২০১৮

# সূচিপত্র

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**উপক্রমণিকা**


সেকশন-১ : পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি ।

সেকশন-২ : পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমুহ ।

# পাবনা পবিস-১ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Pabna PBS-1)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা ঃ

### (ক) সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ ঃ

(১) পাবনা জেলার চাটমোহর, ভাংগুড়া, ফরিদপুর, আটঘরিয়া, ঈশ্বরদী ও পাবনা সদর (আংশিক) উপজেলা সমম্বয়ে ১২৬০ বর্গকিঃমিঃ এলাকা নিয়ে পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ গঠিত। বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে পাবনা পবিস-১ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গ্রামীন জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মানোন্নয়নের লক্ষ্যে এপ্রিল/২০১৭ খ্রিঃ পর্যন্ত ৪০৯৬.৩৫৩ কিঃ মিঃ বৈদ্যুতিক লাইন র্নিমান সম্পন্ন করা হয়েছে। এপ্রিল/২০১৭ খ্রিঃ পর্যন্ত ২,২১,১৩১ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে।

২। পাবনা পবিস-১ এর বর্তমানে ০৭ টি (৩৩/১১) কেভি উপকেন্দ্র রয়েছে। যার মোট ক্ষমতা ৮৫ এমভিএ। সাম্প্রতিক সময়ে ভাংগুড়া ১৫ এমভিএ উপকেন্দ্রের ক্ষমতা ২০ এমভিএ তে উন্নীত করা হয়েছে এবং ঈশ্বরদী-২, ১০ এমভিএ উপকেন্দ্রের ক্ষমতা ২০ এমভিএ তে উন্নীত করনের ৯৫% কাজ শেষ হয়েছে। শুধু মাত্র পাওয়ার ট্রান্সফরমার বরাদ্দ হলে ক্ষমতাবর্ধন কাজ সম্পন্ন হবে। চলতি অর্থ বৎসরের মধ্যে RRDP-2 প্রকল্পে ঈশ্বরদী-৩, ১০ এমভিএ, ফরিদপুর ১০ এমভিএ এবং ১.৫ MCCP তে ভাংগুড়া-২, ১০ এমভিএ ০৩টি নতুন উপকেন্দ্র নির্মানের জমি অধিগ্রহন সম্পন্ন হয়েছে। নির্মান কাজের টেন্ডার প্রক্রিয়াধীন রয়েছে।

৩। পাবনা গ্রীড হতে চালু ০১ টি ৩৩ কেভি ফিডারের সংযুক্ত ০৫ টি উপকেন্দ্রের লোড ৬০ এমভিএ ছিল; পরবর্তীতে পাবনা গ্রীড হতে নতুন ১(এক) টি বে-ব্রেকার চালুর মাধ্যমে আটঘরিয়া ০৫ এমভিএ এবং মালিগাছা ১০ এমভিএ ক্ষমতার নতুন ০২ টি উপকেন্দ্রে চালু সহ বিদ্যমান উপকেন্দ্র বিভাজন করা হয়।

৪। পাবনা গ্রীড হতে বর্তমানে চালু ০২ টি ফিডারের জরুরী প্রয়োজনে বিদ্যুৎ সরবরাহ চালুর সাথে ইন্টার লিংক সুবিধা তৈরী হয়েছে। যাতে ০১ টি ৩৩ কেভি বন্ধ থাকলে অন্যটি দিয়ে বিদ্যুৎ সরবরাহ সচল রাখা যায়।

৫। আপদকালীন জরুরী বিদ্যুৎ সরবরাহ সচল রাখার স্বার্থে পাবনা ও ঈশ্বরদী গ্রীডের মধ্যে অত্র পবিস এর ৩৩ কেভি লাইনের ইন্টার লিংক সুবিধা সৃষ্টি করা হয়েছে। এক গ্রীড হতে লাইন বন্ধ হলে অন্য গ্রীড হতে বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে।

৬। চাটমোহর, আটঘরিয়া, ঈশ্বরদী, ভাংগুড়া উপকেন্দ্রের ১১ কেভি লাইনে ইন্টার লিংক সুবিধা তৈরী হয়েছে। ফলে এক উপজেলা হতে অন্য উপজেলায় জরুরী প্রয়োজন বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হচ্ছে।

৭। ৩৩ কেভি, ১১ কেভি সিস্টেম লস কমানো এবং গ্রাহককে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করনের স্বার্থে বর্তমানে পাবনা পবিস-১ ০৩টি ৩৩ কেভি ফিডারে ০৭ টি উপকেন্দ্র এবং ৩৪ টি ১১ কেভি ফিডার ওভার লোড মুক্ত করা হয়েছে। গ্রাহক পর্যায়ে সংযোগ ত্বরান্বিত করনের জন্য ৩ (তিন) বছরে ২০৫০ টি বিতরন ট্রান্সফরমার ক্ষমতা বর্ধনের নিমিত্তে পরিবর্তন করা হয়েছে। ফলে চলতি ২০১৬-১৭ অর্থ বৎসরের সিস্টেম লসের টার্গেট ১২.৭৫% অর্জন হবে এবং আগামী ২০১৭-১৮ বৎসরের ১১.৫০% টার্গেট অর্জন সম্ভব হবে।

৮। বর্তমান অর্থ বৎসরে জুন/১৭ ইং এর মধ্যে আটঘরিয়া, পাবনা সদর (আংশিক) এবং ঈশ্বরদী উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন এবং ইহার আওতায় ২৫,০০০ হাজার নতুন পরিবার কে বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হচ্ছে।

### (খ) সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

(১) পাবনা পবিস-১ এর আওতায় দ্রুত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে গ্রাহকের বিদ্যুতের চাহিদা (ব্যবহৃত লোড) বৃদ্ধি পাচ্ছে। পাবনা পবিস-১ এর পিক লোড ৬৩ মেঃওঃ। এ পর্যন্ত চাহিদা অনুযায়ী জাতীয় গ্রীড হতে বিদ্যুৎ সরবরাহ পাওয়া গিয়েছে। আগামী গ্রীষ্মে ও রমজান মাসে জাতীয় গ্রীড হতে গ্রাহকের চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া গেলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ দেওয়া যাবে। জাতীয় গ্রীড হতে চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া না গেলে গ্রাহক প্রান্তে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখা সমিতির জন্য একটি বড় চ্যালেঞ্জ।

(২) তাছাড়া অত্র সমিতির ৪০৯৬.৩৫ কিঃমিঃ দীর্ঘ বৈদ্যুতিক লাইন রয়েছে। ফলে গাছ-গাছালিসমৃদ্ধ গ্রামীন এলাকায় দুর্যোগপূর্ণ অবস্থায় বিদ্যুৎ সচল রাখাও সমিতির জন্য একটি বড় চালেঞ্জ। বিতরন লাইনের সুষ্ঠ রক্ষনাবেক্ষনের মাধ্যমে ইহা উত্তোরনের চেষ্টা করা হবে।

শাহ্ জুলফিকার হায়দার, পিইঞ্জ
জেনারেল ম্যানেজার
পাবনা পবিস-১

সভাপতি
সমিতি বোর্ড
পাবনা পবিস-১

(৩) পাবনা পবিস-১ এর ঈশ্বরদী ও পাবনা সদর উপজেলায় ভৌগলিক এলাকার পাশাপাশি তৎকালীন পিডিবি(বর্তমানে নওজোপাডিকো লিঃ) এর লাইন রয়েছে। ফলে পবিস এর বিদ্যমান শিল্প গ্রাহক এবং উভয় সংস্থার সীমানায় প্রান্তিক এলাকায় নতুন সম্ভাব্য শিল্প সংযোগ পবিস হতে বিদ্যুৎ না নিয়ে নওজোপাডিকো লিঃ এর নিকট হতে বিদ্যুৎ গ্রহনে আগ্রহ প্রকাশ করছে। ইহা হতে উত্তোরন প্রয়োজন।

(৪) পাবনা পবিস-১ এর আর্থিকভাবে অস্বচ্ছল এবং Losing Concern ফলে বিদ্যুৎ বিলের আয় হতে যাবতীয় পরিচালন ও রক্ষনাবেক্ষন ব্যয় বহন করে শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে আর্থিক ভাবে অস্বচ্ছল অত্র পবিসের PDB, PGCB এর বিল ও দৈনন্দিন ব্যয় নির্বাহের পর ট্রান্সফরমার, মিটার ও সার্ভিস ড্রপ ক্রয় করা বড় সমস্যা।

(গ) **ভবিষ্যৎ পরিকল্পনা ঃ**

(১) মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ পৌছে দেয়ার কর্মসূচি বাস্তবায়নে পাবনা পবিস-১ এর আটঘরিয়া, ঈশ্বরদী ও পাবনা সদর (আংশিক) উপজেলা শতভাগ বিদ্যুতায়ন জুন/২০১৭ ইং এর মধ্যে সমাপ্ত হবে এবং চাটমোহর, ভাংগুড়া ও ফরিদপুর উপজেলা জুন/২০১৮ ইং এর মধ্যে শতভাগ বিদ্যুতায়ন করা হবে।

(২) অত্র সমিতি এলাকায় গ্রাহক সদস্যদের জীবন যাত্রার মান উন্নয়ন হওয়ায় ও বিভিন্ন খাতে বিদ্যুৎ ব্যবহারের বৃদ্ধি এবং শতভাগ বিদ্যুতায়নের ফলে, ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা পূরনের লক্ষ্যে ২০১৭-১৮ অর্থ বছরে RRDP-2 প্রকল্পে ০২টি ও ১.৫ MCCP প্রকল্পে ০১টি মোট ০৩টি ১০ এমভিএ ক্ষমতা বিশিষ্ট উপকেন্দ্র নির্মান করা হবে। তা ছাড়া শতভাগ প্রকল্পে আটঘরিয়া-২, ঈশ্বরদী-৪ এবং পাবনা সদর-২, ১০ এমভিএ বিশিষ্ট ০৩টি উপকেন্দ্র নির্মান এর নিমিত্তে জমি অধিগ্রহনের প্রস্তাব বাপবিবোর্ডে প্রেরন করা হয়েছে। যা ২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়ন করা হবে। এছাড়াও UREDS (ফেজ-২) প্রকল্পে আটঘরিয়া-৩, চাটমোহর-৩, চাটমোহর-৪, ১০এমভিএ বিশিষ্ট ০৩ টি উপকেন্দ্র নির্মানের প্রস্তাব করা হয়েছে। যা ২০২১ সালের মধ্যে নির্মান সম্পন্ন হতে পারে।

(৩) সমিতির নিজস্ব অর্থায়নে পাবনা গ্রীড হতে ০২ টি বে-ব্রেকার নির্মানের লক্ষ্যে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে কার্যাদেশ প্রদান করা হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান এনার্জি-প্যাক কোঃ লিঃ দ্রুত নির্মান কাজ শুরুর পদক্ষেপ গ্রহন করেছে। বে-ব্রেকার ০২ টি নির্মান সমাপ্ত হলে প্রস্তাবিত নতুন উপকেন্দ্রের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ সুষ্ঠু ভাবে করা সম্ভব হবে। শাহজাদপুর গ্রীডে পাবনা পবিস-২ এর সাথে যৌথ ভাবে ৩৩ কেভি বে-ব্রেকার হতে লোড শেয়ারিং এর মাধ্যমে ফরিদপুর উপকেন্দ্রে বিদ্যুৎ গ্রহন করা যাবে। তাতে করে সমিতির সোর্স লাইন বৃদ্ধি পাওয়ায় লোড ম্যানেজমেন্ট উন্নত হবে।

(৪) পবিস এর ভৌগলিক এলাকা ভাংগুড়া উপজেলার সদরের সংনিকটে ৪০ এমভিএ ক্ষমতা বিশিষ্ট PGCB কর্তৃক নতুন ০১ টি (১৩২/৩৩) কেভি গ্রীড উপকেন্দ্র নির্মানের নিমিত্তে জমি অধিগ্রহন সমাপ্ত করেছে। নির্মান কাজ প্রক্রিয়াধীন। ইহা নির্মান হলে অত্র পবিস এর বিদ্যুৎ পরিস্থিতি অনেক উন্নত হবে।

**২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ঃ**

০১। অত্র পবিসের আওতাধীন তিনটি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন করা।
০২। ০৩ টি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মান।
০৩। পবিসের আর্থিক সক্ষমতা বৃদ্ধি।
০৪। বকেয়া মাস ১.১৫ অর্জন করা।
০৫। সিস্টেম লস ১১.৫০% অর্জন করা।
০৬। ঈশ্বরদী-২, ১০ এমভিএ উপকেন্দ্রকে ২০ এমভিএতে উন্নীতকরন।

মোহাম্মদ জুলফিকার হায়দার, পিইঞ্জ
জেনারেল ম্যানেজার
পাবনা পবিস-১

সভাপতি
সমিতি বোর্ড
পাবনা পবিস-১

## উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পবিসসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে *পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১* কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে

সভাপতি, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১

এবং

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ১৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

শাহ্ জুলফিকার হায়দার, পিইঞ্জ
জেনারেল ম্যানেজার
পাবনা পবিস-১

সভাপতি ১৫/৬/১৭
সমিতি বোর্ড
পাবনা পবিস-১

## সেকশন ১:

### পাবনা পবিস-১ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision): পাবনা পবিস-১ এর আওতাধীন সকল জনগনকে গুনগতমানের বিদ্যুৎ সরবরাহ করা।

১.২ অভিলক্ষ্য (Mission): জুন/২০১৮ সালের মধ্যে অত্র পবিসের আওতাধীন সমগ্র জনগোষ্ঠিকে (প্রতিটি ঘরে) বিদ্যুৎ সুবিধা পৌছে দেওয়া।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

০১। বিদ্যুৎ বিতরন খাতের উন্নয়ন।
০২। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদান।
০৩। বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠি বৃদ্ধি।
০৪। আর্থিক সক্ষমতা অর্জন।
০৫। গ্রাহকের সহিত উত্তম সর্ম্পক স্থাপন।

### ১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

০১। দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা।
০২। কর্মপদ্ধতি ও সেবার মানোন্নয়ন।
০৩। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
০৪। কর্ম পরিবেশ উন্নয়ন।
০৫। তথ্য অধিকার ও স্বপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা।
০৬। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।
০৭। দ্রুততার সহিত গ্রাহক সেবা প্রদান।

### ১.৪ কার্যাবলি (Functions):

০১। বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারনের মাধ্যমে অত্র পবিসের আওতাধীন সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।
০২। কারিগরী উন্নয়নের মাধ্যমে সিস্টেম লস হ্রাসকরন।
০৩। বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগনকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমূখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ।
০৪। অত্র পবিসের এলাকায় শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন।
০৫। পবিসের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের ব্যবস্থা করা।
০৬। নতুন গ্রাহক সংযোগ সহজীকরন
০৭। বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষনাবেক্ষন ও মেরামত করা।
০৮। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের পথস্বত্ত্ব মুক্তকরণ।
০৯। গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসন করা।
১০। বকেয়া আদায় করা এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।
১১। সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরনের মাধ্যমে সুষ্ঠ কর্মপরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা।
১২। সকল ক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।
১৩। ডিজিটালাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিত করন।

শাহ্ জুলফিকার হায়দার, পিইঞ্জ
জেনারেল ম্যানেজার
পাবনা পবিস-১

সভাপতি
সমিতি বোর্ড
পাবনা পাবস ১

সেকশন-২

## কৌশলগত উদ্দেশ্য,অগ্রাধিকার,কাযক্রম,কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

### পাবনা পবিস-১

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* ডিসেম্বর'১৬ পর্যন্ত | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতিমান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| সংশি-ষ্ট দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | | 1. System Loss (Grid Meter) [ % ] (w/o resale) | % | ২৮ | ১৫.০২% | ১০.২২% | ১১.৫০% | | | | | | |
| | | | 2. Accounts Receivable (Months) (without GOB rebate & resale) | Month | ১৪ | ১.৬৩ | ১.৩৫ | ১.১৫ | | | | | | |
| | | | 3. Collection Bill(CB) Ratio (%) (without GOB rebate | % | ১ | ৯৭.৭৩% | ১০০.৬৩% | ৯৯.০০% | | | | | | |
| | | | 4. Collection Import (CI) Ratio (%) (w/o rebate & | % | ১ | ৮৩.০৫% | ৯০.৩৫% | ৮৭.৬২% | | | | | | |
| | | | 5. Recovery of amounts written=off | % | ১ | ০.৪২% | ০% | ৫.০০% | | | | | | |
| | | | 6. Payment of debt service liability (Tk' 000) | Tk | ৭ | ৭০,০০০ | ১৭,৫০০ | ৪৫,০০০ | | | | | | |
| | | | 7. O & M EXP. (EX. PC , Depre. Int. & Pro. Uncoll. AMT.)(TK) / Kwh Sold (w/o resale) | Tk | ২ | ১.২৮ | ১.২২ | ১.৪৫ | | | | | | |
| | | | 8. Rev. / KM of Line w/o resale (TK)' 000 | Tk | ১ | ৩১৪ | ১৭৯ | ৩৫০ | | | | | | |
| | | | 9.Ratio of inspection & maintenance of Distri. line against Ener. line (KM) | % | ১ | ২৭.০০% | ১৯.০০% | ২৫.০০% | | | | | | |
| | | | 10. Ratio of Damaged & repairable Transformer (no.) against total installed Transformer (no.) | % | ১ | ৭.২৮% | ২.৬০% | ৪.০০% | | | | | | |
| | | | 11.Percentage of Damaged Transformer repaired | % | ১ | ১১০% | ১২০% | ১০০% | | | | | | |
| | | | 12. Ratio of connected consumer (over 90 days) against service in place – (Except irrigation) | % | ২ | ৬.৪২% | ১০.৩৭% | ৩.০০% | | | | | | |
| | | | 13. Store Management Performance: | | | | | | | | | | | |
| | | | a. Physical Inventory of all Stores under PBS | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | b. Timely Closeout of Mini & Force Work Order | % | ১ | ৮০% | ৮০% | ৮০% | | | | | | |
| | | | 14. Maintenance and Up-gradation of equipment record card (ERC) | % | ২ | ১০০% | ৬% | ১০০% | | | | | | |

জুলফিকার হায়দার, পিইঞ্জ
জেনারেল ম্যানেজার
পাবনা পবিস-১

সম
সমিতি বোর্ড

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | 15.Improvement of Power Factor | | ১ | ০.৯৩ | ০.৯৪ | ০.৯২ | | | | | | |
| | | | 16. Action on Meter Report | % | ১ | ১০০% | ৩৩১৪ | ১০০% | | | | | | |
| | | | 17. Average Training hour per Employee | Hour | ২ | ৪০ | ১১ | ৭৫ | | | | | | |
| | | | 18. Implementation of Annual Development Program (Issuance of Staking Sheet) | % | ১ | ১০১% | ১৩৩% | ১০০% | | | | | | |
| | | | 19. Timeliness to attend Consumer's | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 20. System Average Interruption Duration Index (SAIDI) | Minute | ২ | ১৩২৯ | ৭৯৭ | ১৫০০ | | | | | | |
| | | | 21. System Average Interruption Frequency Index (SAIFI) | Times | ২ | ১৮.৫০ | ৫৭ | ৭৮ | | | | | | |
| | | | 22.% of overloaded Transformer | % | ২ | ৮৬% | ২৫৫% | ০.৫০% | | | | | | |
| | | | 23.% of New Connected Consumers | % | ৩ | ৭১% | ৮৫% | ১০০% | | | | | | |
| | | | 24.Accounts Payable | Month | ১ | | ১.০০ | ১.০০ | | | | | | |

শাহ্ জুলফিকার হায়দার, পিইঞ্জ
জেনারেল ম্যানেজার
পাবনা পবিস-১

সভাপতি
সমিতি বোর্ড
পাবনা পবিস-১

## মাঠ পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ
(মোট নম্বর-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ (Target Value -2017-18) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৭ এপ্রিল | ১৯ এপ্রিল | ২০ এপ্রিল | ২১ এপ্রিল | ২৫ এপ্রিল |
| | | ২০১৭-১৮অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৭ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জুলাই | ১৬ জুলাই | ১৮ জুলাই | ২০ জুলাই | ২১ জুলাই |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে কমপক্ষে একটি অনলাইন সেবা চালু করা | অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | | - |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে ১ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ৩১ মার্চ | |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১জানুয়ারি |
| | | | এসআইপি বাস্তবায়িত | % | ১ | ২৫ | | | | |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ | সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন পত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | |
| | | সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |

শাহ্ জুলফিকার হায়দার, পিইঞ্জ
জেনারেল ম্যানেজার
পাবনা

সভাপতি
সমিতি বোর্ড
পাবনা

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ (Target Value -2017-18) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৪ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়* | জনঘণ্টা | ২ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ১ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | .৫ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

১৭/১/১৭
শাহ্ জুলফিকার হায়দার, পিইঞ্জ
জেনারেল ম্যানেজার
পাবনা পবিস-১

১৮/০৬/১৭
সভাপতি ১৮.৬.১৭
সমিতি বোর্ড
পাবনা পবিস-১

* ৬০ ঘণ্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ঘণ্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

আমি, সভাপতি, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ , সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড - এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সভাপতি, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ - এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

**স্বাক্ষী:** **স্বাক্ষরিত:**

তারিখঃ-১৫/০৬/২০১৭ খ্রিঃ

| | |
|---|---|
| জেনারেল ম্যানেজার<br>পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১<br>শাহ্ জুলফিকার হায়দার, পিইঞ্জ<br>জেনারেল ম্যানেজার<br>পাবনা পবিস-১ | সভাপতি<br>পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১<br>সভাপতি<br>সমিতি বোর্ড<br>পাবনা পবিস-১ |
| পরিচালক, পবিস ব্যাবস্থাপনা ও পরিচালন (উঃঅঃ)<br>বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড<br>মুহাম্মদ শফিউর রহমান<br>পরিচালক (চঃ দাঃ)<br>পবিস ব্যাঃ পঃ (উঃ) পরিদপ্তর | সচিব<br>বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড<br>(হাসিনা বেগম)<br>সচিব (অঃ দাঃ), বাপবিবোর্ড |